যুগান্তর

JAN. 2 0 2001

## বাকৃবি'র মাৎস্যবিজ্ঞান অনুষদ

# ৯৭ দিন আন্দোলনের পর আজ ক্লাসে ফিরছে ছাত্ররা

মোঃ জাহেদুল আলম রুবেল, *বাকৃবি থেকে*

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাৎস্যবিজ্ঞান অনুষদে সৃষ্ট অচলাবস্থা অবশেষে নিরসন হয়েছে। অনুষদটি দীর্ঘ ৯৭ দিন অচল থাকার পর আজ শনিবার থেকে প্রায় চার শতাধিক ছাত্র তাদের ক্লাসে ফিরে যাবে এবং পরীক্ষায় বসবে।

গত বুধবার কৃষি বিশ্ববিদ্যালয়ে মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষক ও আন্দোলনরত ছাত্র সমিতির নেতৃবৃন্দের সঙ্গে মৎস্য ও পশুসম্পদ প্রতিমন্ত্রী প্রফেসর এমএ কুদ্দুসের ফলপ্রসূ আলোচনার পর ছাত্ররা ক্লাসে ফিরে যেতে সম্মত হয়।

বিসিএস (মৎস্য) ক্যাডারে ১৯৮৯ নিয়োগবিধি পরিবর্তন করে প্রাণিবিদ্যা ও সামুদ্রিক বিজ্ঞানকে অন্তর্ভুক্তির ষড়যন্ত্র এবং ১৮৯ জন তৃতীয় শ্রেণীর মৎস্য কর্মচারীকে প্রথম শ্রেণীর উপজেলা মৎস্য কর্মকর্তা হিসাবে পদোন্নতি দেয়ার প্রতিবাদে গত বছরের ১৫ অক্টোবর থেকে মৎস্য অনুষদের ছাত্রছাত্রীরা লাগাতার আন্দোলন শুরু করে। এ আন্দোলনের অংশ হিসাবে ছাত্রছাত্রীরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষাসহ সব শিক্ষা কার্যক্রম বন্ধ করে দেয়।

মাৎস্যবিজ্ঞান অনুষদকেন্দ্রিক ছাত্র সমিতির একাধিক ছাত্রনেতা এ প্রতিনিধিকে বলেন, মৎস্য ও পশুসম্পদ প্রতিমন্ত্রী আমাদের আশ্বাস দিয়েছেন, যতদিন তিনি মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ে আছেন ততদিন মৎস্য সেক্টর নিয়ে কোন ষড়যন্ত্র তিনি হতে দেবেন না। ছাত্র সমিতির ভিপি আবু জাফর বেপারী যুগান্তরকে বলেছেন, ক্লাসে ফিরে যাওয়া বা পরীক্ষায় বসা মানে আমাদের আন্দোলন বন্ধ হয়ে যাওয়া নয়।